



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৮১৮১৬২১, ফ্যাক্সঃ ৮১৮১৬২৯, E-mailঃ private.ugc@gmail.com

স্মারক নং : ইউজিসি/বেঃবিঃ/৫৭৭(০২)/২০১০/ ১৮-৪৭

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

রেজিস্ট্রার

গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ

বি এন টাওয়ার, শের-ই-বাংলা সড়ক

বরিশাল।

বিষয় : গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ- এর শিক্ষা কার্যক্রম শুরু করার অনুমতি প্রদান

জনাব,

শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/১০/২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭৮.১৮.০১৯.১৩-৫৪৫ নম্বর পত্র মারফত গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমতি প্রদান করা হয়েছে। অতঃপর শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য কমিশন কর্তৃপক্ষ কর্তৃক বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত কমিটি গত ২৪/০২/২০১৬ তারিখে বিশ্ববিদ্যালয়টির বর্তমান অবকাঠামো (লাইব্রেরি, ল্যাবরেটরি, শ্রেণীকক্ষ, শিক্ষক কক্ষ, অফিস কক্ষ ইত্যাদি) সরেজমিনে পরিদর্শন করে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী গ্লোবাল ইউনিভার্সিটি এর বিএন টাওয়ার, শের-ই-বাংলা সড়ক, নতুল্লাবাদ, বরিশালস্থ ঠিকানায় অবস্থিত ৬ তলা বিশিষ্ট ভবনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য নিম্নোক্ত শর্তে অনুমতি দেয়া হলোঃ

- বিদ্যমান ভবনের শ্রেণীকক্ষ, ল্যাবরেটরি, লাইব্রেরিতে এসির ব্যবস্থা করতে হবে;
- বিদ্যমান লাইব্রেরির পরিসর এমনভাবে বৃদ্ধি করতে হবে যাতে অন্যান্য ২০-২৫ জন শিক্ষার্থী একত্রে বসতে পারে। সে সাথে লাইব্রেরিতে অনুমোদিত প্রোগ্রামের পাঠ্য ও রেফারেন্স বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে;
- প্রতিটি শ্রেণীকক্ষে শিক্ষা সহায়ক উপকরণ যেমন- মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন করতে হবে;
- বিবিএ, এমবিএ এবং ইএমবিএ প্রোগ্রামের জন্য একটি সেমিনার কক্ষের ব্যবস্থা করতে হবে;
- বিদ্যমান ভবনের কাছাকাছি স্থানে অবস্থিত (শের-ই-বাংলা সড়ক) ঠিকানায় নির্মাণাধীন ভবনটির জাড়ার চুক্তিপত্র আগামী ০১ (এক) মাসের মধ্যে কমিশনে জমা দিতে হবে। ভবনটির নির্মাণকাজ সমাপ্ত হওয়ার পর কমিশনকে অবহিত করতে হবে।


২। পরিদর্শন প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ৪টি অনুষদের অধীনে নিম্নবর্ণিত ৭টি প্রোগ্রামের শিক্ষা কার্যক্রম (কপি সংযুক্ত) পরিচালনার অনুমতি দেয়া হলো :

- Bachelor of Business Administration (BBA) - 4 Years
- Master of Business Administration (MBA) - 1 Year
- Executive Master of Business Administration (EMBA) – 1.5 Years
- Bachelor of Law (LL.B) (Honors) - 4 Years
- Master of Law (LL.M.) - 1 Year
- B.Sc in Electrical & Electronics Engineering - 4 Years
- B.Sc in Computer Science & Engineering - 4 Years

৩। কমিশনের অনুমোদিত ক্যাম্পাস ব্যতীত অন্য কোন ক্যাম্পাসে বা স্থানে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না এবং একই সাথে একটি প্রোগ্রাম একাধিক ক্যাম্পাসে পরিচালনা করা যাবে না।

৪। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর সংশ্লিষ্ট সকল ধারা এবং শিক্ষা মন্ত্রণালয় ও কমিশন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল আদেশ/নির্দেশাবলী বিশ্ববিদ্যালয়কে অনুসরণ করতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,


০৩.০৩.২০১৬

জেসমিন পারভীন


উপ পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।

ফোন: ৮১৮১৫৮৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব জিন্নাত রেহানা উপ সচিব (বিশ্বঃ-১), শিক্ষা মন্ত্রণালয়)।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), ইউজিসি, ঢাকা।
- ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- কম্পিউটার অপারেটর, পরিচালক (বেঃবিঃ বিভাগ) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- সংশ্লিষ্ট নথি।
- মহানথি।


০২.০৩.১৬

মোঃ আমিরুল ইসলাম শেখ

সিনিয়র সহকারি পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।

Email: amirulugc15@gmail.com